



নিজের বিরুদ্ধে অভিযোগ যাচাইয়ের আহ্বান আসিফ মাহমুদের



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া বলেছেন, তার বিরুদ্ধে কোনো অনিয়মের অভিযোগ থাকলে তা খতিয়ে দেখার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তিনি স্বাগত জানাবেন।

সোমবার (১৯ জানুয়ারি) বিকেলে রাজধানীর বাংলামেটরে দলের কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি বলেন, অন্যায়ের বিরুদ্ধে অবস্থান নিলেই কিছু মহল উদ্দেশ্যপ্রণোদিত অভিযোগ তোলে। তবে এসবের পরও অনিয়ম ও অন্যায়ের বিরুদ্ধে তাদের লড়াই চলবে।

এদিন নির্বাচনে গণমানুষের আর্থিক অংশগ্রহণ নিশ্চিত করতে donate.ncpbd.org নামের একটি অনলাইন প্ল্যাটফর্ম উদ্বোধন করা হয়। আসিফ মাহমুদ জানান, জনগণের ছোট ছোট অনুদানের মাধ্যমেই তারা নির্বাচনী কার্যক্রম পরিচালনা করতে চান, যাতে জনপ্রতিনিধিরা সরাসরি জনগণের কাছে দায়বদ্ধ থাকেন।
ওয়েবসাইটটির মাধ্যমে মোবাইল ব্যাংকিংয়ে সর্বনিম্ন ১০ টাকা থেকে যে কোনো পরিমাণ অনুদান দেওয়া যাবে।